(2) where the capital gains arise as a result of disposal by the assessee of his capital assets after ten years from the date of their acquisition tax payable on the capital gains at the rate applicable to his total income including the said capital gains, or tax at the rate of fifteen per cent on the amount of the capital gains, whichever is the lower.";

(২৩) THIRD SCHEDULE এর অনুচ্ছেদ 11 এর ক্রম (6) (a) এর "three lakh and fifty thousand taka" শব্দগুলির পরিবর্তে "five lakh taka" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২৪) SIXTH SCHEDULE এর-

(ক) PART A এর-

(অ) অনুচ্ছেদ 13 এর "fifteen thousand taka," দুইবার উল্লিখিত, শব্দগুলির পরিবর্তে "twenty thousand taka" শব্দগুলি উভয় স্থানে প্রতিস্থাপিত হইবে;

(আ) অনুচ্ছেদ 23 এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ 24 ও 25 প্রতিস্থাপিত হইবে; যথা:-

"24. Any interest classifiable under the head "Interest on securities" receivable by an assessee on any security of the Government which is issued with the condition that interest thereon shall not be liable to tax.

25. Any sum representing interest credited on the accumulated balance of an employee in a recognised provident fund, in so far as it does not exceed one-third of the salary of the employee for the year concerned and in so far as it is allowed at a rate not exceeding such rate as the Board may, by notification in the *official Gazette*, fix in this behalf.”;

(খ) PART B এর অনুচ্ছেদ ৭, ১২, ১৪, ১৮, ১৯ এবং ২০ বিলুপ্ত হইবে।

৯। The Jamuna Multipurpose Bridge (Surcharge and Levy) Ordinance, (XLIII of 1985) এর,-

Ordinance XLIII
of 1985 এর সংশোধন

(১) section 3 বিলুপ্ত হইবে; এবং

(২) THE SECOND SCHEDULE বিলুপ্ত হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

১০। অর্থ আইন, ১৯৮৮ (১৯৮৮ সনের ৩৩ নং আইন) এর ধারা ১১ ও ১২ বিলুপ্ত হইবে।

১৯৮৮ সনের ৩৩ নং
আইনের সংশোধন

১১। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর-

১৯৯১ সনের ২২ নং
আইনের সংশোধন

(১) সর্বত্র “ফর্ম” এবং “ফর্মে” শব্দগুলির পরিবর্তে যথাক্রমে “ফরম” এবং “ফরমে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) ধারা ২ এর,

(ক) “বিষয় এবং প্রসঙ্গের” শব্দগুলির পরিবর্তে “বিষয় বা প্রসঙ্গের” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (খ) এ “বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক” শব্দগুলি ও কমাগুলি বিলুপ্ত হইবে;

(গ) দফা (এ৩)তে “চালানপত্র” শব্দটির পর “এবং সহায়ক চালানপত্র ইহার অন্তর্ভুক্ত” শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(ঘ) দফা (খ) এর উপ-দফা (উ) এর পর নিম্নরূপ উপ-দফা (উ) সংযোজিত হইবে, যথা:-

“(উ) অর্থের বিনিময়ে নিজস্ব প্লান্ট, মেশিনারী বা যন্ত্রপাতি দ্বারা অন্য কোন ব্যক্তির মালিকানাধীন কাঁচামাল বা উপকরণ ব্যবহার করিয়া কোন পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনকরণ;”;

(ঙ) দফা (ফ) তে "আগাম আয়কর" শব্দগুলির পরিবর্তে "আগাম আয়কর এবং রপ্তানি পণ্য প্রস্তুতকরণে বা উৎপাদনে ব্যবহৃত, সরকার কর্তৃক সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা এতদুদ্দেশ্যে নির্ধারিত, কোন উপকরণের উপর প্রদত্ত সম্পূরক শুল্ক" শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(চ) দফা (ভ) তে "বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক" শব্দগুলি ও কমাগুলি বিলুপ্ত হইবে;

(৩) ধারা ৩ এর উপ-ধারা (৩) এর পর নিম্নরূপ নূতন উপ-ধারা (৪) সংযোজিত হইবে, যথা:-

"(৪) এই ধারার অধীন মূল্য সংযোজন কর ধার্য ও প্রদানের উদ্দেশ্যে কোন আমদানিকৃত বা সরবরাহকৃত পণ্যের শ্রেণীবিন্যাস (Classification) এর ক্ষেত্রে Customs Act এর অধীন পণ্যের শ্রেণীবিন্যাস প্রযোজ্য হইবে।";

(৪) ধারা ৫ এ,-

(১) উপ-ধারা (৪) এ "বিধির মাধ্যমে" শব্দগুলির পরিবর্তে "আদেশ দ্বারা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(২) উপ-ধারা ৫ এর পর নিম্নরূপ উপ-ধারাগুলি সন্নিবেশিত হইবে, যথা:-

"(৬) উপ-ধারা (২) বা (৩) এ যাহা কিছুই থাকুক না কেন, ধারা ২ এর দফা (খ) এর উপ-দফা (উ) এর আওতায় প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্যের সরবরাহের ক্ষেত্রে মূল্য সংযোজন কর ধার্যের জন্য উক্ত পণ্যের মূল্যের মধ্যে অন্য কোন ব্যক্তির কাঁচামাল বা উপকরণ, যাহা দ্বারা উক্ত পণ্য প্রস্তুতকৃত বা উৎপাদিত হইয়াছে উহা অন্তর্ভুক্ত হইবে না:

তবে শর্ত থাকে যে, এ ক্ষেত্রে ধারা ৯ এর আওতায় কোন উপকরণ কর রেয়াত গ্রহণ করা যাইবে না।

(৭) এই ধারায় যাহা কিছুই থাকুক না কেন, যদি বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনা ও যথোপযুক্ত অনুসন্ধানপূর্বক সন্তুষ্ট হয় যে কোন করযোগ্য পণ্য বা সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর, বা ক্ষেত্রমতে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ধার্য করার নিমিত্তে গেজেটে উহার ট্যারিফ মূল্য নির্ধারণ করা সমীচীন তাহা হইলে বোর্ড সরকারী গেজেটে জারিকৃত আদেশ দ্বারা উক্ত করযোগ্য পণ্য বা সেবার ট্যারিফ মূল্য নির্ধারণ করিতে পারিবে।"

(৫) ধারা ৭ এর উপ-ধারা (২) এ-

(ক) দফা (খ) তে, "যাহা" শব্দটির পরিবর্তে "যাহাতে" শব্দটি প্রতিস্থাপিত হইবে এবং উক্ত দফার শেষ প্রান্তস্থিত "এবং" শব্দটি বিলুপ্ত হইবে;

(খ) দফা (গ) এর শেষ প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে “; এবং” সেমিকোলন ও শব্দটি প্রতিস্থাপিত হইবে এবং তৎপর নিম্নরূপ নূতন দফা (ঘ) সংযোজিত হইবে, যথা :-

“(ঘ) যে পণ্যের ক্ষেত্রে খুচরা মূল্যের ভিত্তিতে মূল্য সংযোজন কর আরোপিত হইবে সেই পণ্যের ক্ষেত্রে সম্পূরক শুল্ক আরোপের উদ্দেশ্যে এই আইনের ধারা ৫ (৩) এ বর্ণিত খুচরা মূল্য উক্ত পণ্যের মূল্য বলিয়া বিবেচিত হইবে।”;

(৬) ধারা ৮ এর উপ-ধারা (২) এর পর নিম্নরূপ নূতন উপ-ধারা (৩) সংযোজিত হইবে, যথা :-

“(৩) বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনা এবং যথোপযুক্ত অনুসন্ধানপূর্বক সরকারী গেজেটে জারীকৃত আদেশ দ্বারা, উক্ত আদেশে উল্লিখিত সীমা ও শর্তসাপেক্ষে, যে কোন পণ্য বা সেবাকে ‘টার্ণওভার’ কর হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।”;

(৭) ধারা ১৩ এর

(ক) উপ-ধারা (১) এ “আগাম প্রদত্ত আয়কর” শব্দগুলির পরিবর্তে “আগাম প্রদত্ত আয়কর এবং রপ্তানি পণ্য প্রস্তুতকরণে বা উৎপাদনে ব্যবহৃত, সরকার কর্তৃক সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা এতদুদ্দেশ্যে নির্ধারিত, কোন উপকরণের উপর প্রদত্ত সম্পূরক শুল্ক” শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) উপ-ধারা (২) এর পর নিম্নরূপ নূতন উপ-ধারা (৩) সংযোজিত হইবে, যথা:-

“(৩) বোর্ড, সরকারী গেজেটে জারীকৃত আদেশ দ্বারা, কোন রপ্তানিকারককে প্রকৃত রপ্তানির বিপরীতে চালান ভিত্তিক বা, ক্ষেত্রমত, রপ্তানি পণ্যের উপকরণ-উৎপাদ সম্পর্ক (input-output co-efficient) এর ভিত্তিতে বোর্ড কর্তৃক নির্ধারিত সমহার (plate rate) এ রপ্তানিকৃত পণ্যের ব্যবহৃত উপকরণের উপর পরিশোধিত পরিমাণ উপ-ধারা (১) এ উল্লিখিত শুল্ক ও করসমূহ প্রত্যর্পণের নির্দেশ প্রদান করিতে পারিবে।”;

(৮) ধারা ১৫ এর উপ-ধারা (৪) এ, “নিবন্ধিত হইতে বাধ্য করিবেন” শব্দগুলি পরিবর্তে “নিবন্ধিত করিয়া তাহাকে অবহিত করিবেন” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৯) ধারা ১৮ তে, “পরিবর্তন হইলে নিবন্ধিত ব্যক্তি উক্ত পরিবর্তনের চৌদ্দ দিনের মধ্যে” শব্দগুলির পরিবর্তে “পরিবর্তন করার ইচ্ছা করিলে নিবন্ধিত ব্যক্তি উক্ত পরিবর্তনের তারিখের অনূ্যন চৌদ্দ দিন পূর্বে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১০) ধারা ৩৬ এর সর্বত্র “কর” এবং “করের” শব্দগুলির পরিবর্তে যথাক্রমে “মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক” এবং “মূল্য সংযোজন করের বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্কের” শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(১১) ধারা ৩৭ এর

(ক) উপ-ধারা (১) এ “পঁচিশ হাজার” শব্দগুলির পরিবর্তে “অনধিক পঁচিশ হাজার” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) উপ-ধারা (২) এর

(অ) দফা (ক) এর পর নিম্নরূপ নূতন দফা (কক) সন্নিবেশিত হইবে, যথা:-

“(কক) তৎকর্তৃক সরবরাহকৃত পণ্য বা সেবার ক্ষেত্রে, সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক দুইবার নির্দেশিত হওয়া সত্ত্বেও, মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক প্রদান করিতে অথবা কোন কর মেয়াদে দাখিলপত্র প্রদানের নির্দিষ্ট সময়সীমা অতিক্রান্ত হইয়া গেলেও উহা দাখিল করিতে ব্যর্থ হন;” এবং

(আ) “পঞ্চাশ হাজার,” দুইবার উল্লিখিত, শব্দগুলির পরিবর্তে উভয় স্থানে “অনধিক এক লক্ষ” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১২) ধারা ৩৮ এ উপ-ধারা (২) এ, “পঞ্চাশ হাজার” শব্দগুলির পরিবর্তে “অনধিক এক লক্ষ” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৩) ধারা ৫৫ তে,-

(ক) উপ-ধারা (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(১) যে ক্ষেত্রে পণ্য সরবরাহ বা প্রদত্ত সেবার উপর কোন প্রদেয় মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, কোন কারণবশতঃ ধার্য বা পরিশোধ করা হয় নাই অথবা কম ধার্য বা কম পরিশোধ করা হইয়াছে অথবা উহা ভুলবশতঃ ফেরত প্রদান করা হইয়াছে অথবা ধারা ১৩ এর আওতায় মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক, আমদানি শুল্ক, আবগারী শুল্ক বা অন্যান্য শুল্ক ও কর (আগাম আয়কর ব্যতীত) ভুলবশতঃ প্রত্যর্পণ করা হইয়াছে বা বাংলাদেশে সরবরাহকৃত কোন পণ্য বা সেবার উপর প্রদেয় কর বা শুল্কের বিপরীতে ভুলবশতঃ বা ভুল ব্যাখ্যার কারণে সমন্বয় করা হইয়াছে সেইক্ষেত্রে মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক পরিশোধে বাধা ব্যক্তি বা উহা ভুলবশতঃ যাহাকে ফেরত প্রদান করা হইয়াছে অথবা, ক্ষেত্রমত, ধারা ১৩ এর অধীন কোন কর বা শুল্ক ভুলবশতঃ প্রত্যর্পণ প্রদান করা হইয়াছে অথবা ভুলবশতঃ বা ভুল ব্যাখ্যার কারণে সমন্বয়

করা হইয়াছে তিনি উহা যে তারিখে প্রদেয় হইয়াছিল সেই তারিখ হইতে অথবা যে তারিখে পরিশোধিত বা চলতি হিসাবে, যদি থাকে, সমন্বিত হইয়াছিল সেই তারিখ হইতে অথবা ফেরত প্রদানের তারিখ হইতে তিন বৎসরের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তার লিখিত দাবীক্রমে পরিশোধ করিতে বাধ্য থাকিবেন।”;

(খ) উপ-ধারা (২) এ, “বা কম পরিশোধ” শব্দগুলির পরিবর্তে “বা ভুলবশতঃ কম পরিশোধিত” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৪) ধারা ৭২ এর উপ-ধারা (৩) এ, “পঁচিশ হাজার” শব্দগুলির পরিবর্তে “অনধিক পঁচিশ হাজার” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৫) প্রথম তফসিলে,-

(ক) শিরোনামা সংখ্যা “০৬.০১” এর বিপরীতে পণ্যসামগ্রীর বিবরণ এ “উদ্ভিদ এবং ১২.১২ শিরোনামার” সংখ্যাগুলি ও সংখ্যাটির পরিবর্তে “উদ্ভিদ এবং Customs Act এর First Schedule এর Heading No. 12.12 এর আওতাধীন” শব্দগুলি ও সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে;

(খ) শিরোনামা সংখ্যা “১২.০৩” এবং উহার বিপরীতে দ্বিতীয় ও তৃতীয় কলামের এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে;

(গ) শিরোনামা সংখ্যা “২৫.০৫” এবং শিরোনামা সংখ্যা “৪০.০১” এর বিপরীতে দ্বিতীয় কলামে “,” চিহ্নটির পরিবর্তে যথাক্রমে “২৫০৫.১০” সংখ্যাটি এবং “ শিরোনামার অধীনে সকল কোডসমূহ” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঘ) শিরোনামা সংখ্যা “৪৪.০১” এবং উহার বিপরীতে প্রথম ও দ্বিতীয় কলামের এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরোনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ যথাক্রমে প্রতিস্থাপিত হইবে, যথা:-

“৪৪.০১	৪৪০১.১০	জ্বালানী কাঠ, গুড়ি, বিলেট, ডাল, ফ্যাগাট বা অনুরূপ আকৃতি সম্পন্ন কাঠ
	৪৪০১.৩০	কাঠের ফালি বা কণা, কাঠের গুড়ি ও কাঠের বর্জ্য এবং বর্জিতাংশ, গুড়ি, ব্রিকেট, পেলেট বা অনুরূপ আকৃতিতে পিণ্ডিত হউক বা না হউক
৪৪.০৩	শিরোনামার অধীনে সকল কোডসমূহ	অমসৃণ (rough) কাঠ, ছাল ছাড়ান হউক বা না হউক অথবা চেরাই কাঠ অথবা সাধারণভাবে চারকোণাকৃতি”;

(ঙ) শিরোনামা সংখ্যা “৫২.০১” এবং উহার বিপরীতে প্রথম ও দ্বিতীয় কলামের এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরোনামা সংখ্যা ও এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:

(১৬) দ্বিতীয় তফসিলে,-

(ক) শিরোনামা সংখ্যা “S০০৭” এর বিপরীতে তৃতীয় কলামের এন্ট্রি “বিজ্ঞাপনী সংস্থা” এর অধীন ব্যাখ্যাটির পরিবর্তে নিম্নরূপ ব্যাখ্যা প্রতিস্থাপিত হইবে, যথা:-

“ব্যাখ্যা।- “বিজ্ঞাপনী সংস্থা” অর্থ কোন পণ্যের বা সেবামূলক ব্যবসায়ের উদ্দেশ্যে কোন প্রচার মাধ্যমের জন্য (পত্রপত্রিকা ব্যতীত) কোন প্রকার বিজ্ঞাপন প্রস্তুতকরণে বা উক্ত উদ্দেশ্যে প্রস্তুতকৃত কোন বিজ্ঞাপন প্রচারকরণে নিয়োজিত প্রতিষ্ঠান (পত্রপত্রিকা ব্যতীত), সংস্থা বা ব্যক্তি।”;

(খ) শিরোনামা সংখ্যা “S০১৩” এর বিপরীতে তৃতীয় কলামের এন্ট্রি “যান্ত্রিক লব্ধির” ব্যাখ্যায় “মোড়ক” শব্দটির পর “ধোলাই,” শব্দটি ও কমাটি সংযোজিত হইবে;

(গ) শিরোনামা সংখ্যা “S০১৫” এর বিপরীতে তৃতীয় কলামের এন্ট্রি “ফ্রেইট ফরোয়ারডার্স এবং তদধীন ব্যাখ্যাটির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি ও ব্যাখ্যা প্রতিস্থাপিত হইবে, যথা:-

“ফ্রেইট ফরোয়ারডার্স এবং ক্লিয়ারিং ও ফরওয়ারডিং সংস্থা:

ব্যাখ্যা।- “ফ্রেইট ফরোয়ারডার্স এবং ক্লিয়ারিং ও ফরওয়ারডিং সংস্থা” বলিতে অর্থের বিনিময়ে পণ্য মোড়কজাতকরণপূর্বক বা অন্যের দ্বারা মোড়কজাতকৃত বা মোড়কজাতকরণ ব্যতীত কোন পণ্য বুকিং এর মাধ্যমে গন্তব্যস্থলে প্রেরণের জন্য বাণিজ্যিক ভিত্তিতে পরিবহণ ব্যবসায় সংক্রান্ত কার্য সম্পাদনকারী, বা বিদেশ হইতে আমদানিকৃত কোন পণ্য, বা বিদেশে রপ্তানীযোগ্য কোন পণ্য গুরু কর্তৃপক্ষের নিকট হইতে অর্থের বিনিময়ে ছাড়করণে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।”;

(ঘ) শিরোনামা সংখ্যা “S০২৪” এর বিপরীতে তৃতীয় কলামের এন্ট্রি “অর্থের বিনিময়ে করযোগ্য পণ্য প্রস্তুতকরণ, উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, মেরামত বা সার্ভিসিং এর কার্যে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান ও সংস্থা” এবং তদধীন ব্যাখ্যাটির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি ও ব্যাখ্যা প্রতিস্থাপিত হইবে, যথা:-

“অর্থের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা:

ব্যাখ্যা : “অর্থের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা” অর্থ অর্থের বিনিময়ে নিজস্ব প্র্যান্ট, মেশিনারী বা যন্ত্রপাতি দ্বারা অন্যের মালিকানাধীন কোন করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।”;

(ঙ) শিরোনামা সংখ্যা "So২৪" এবং উহার বিপরীতে দ্বিতীয় ও তৃতীয় কলামের এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন শিরোনামাসমূহ ও এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:-

"So২৫ So২৫.০০ ওয়াসা:

ব্যাখ্যা : "ওয়াসা" অর্থ Water Supply and Sewerage Authority Ordinance, 1963 (E.P. Ord. No. XIX of 1963) এর section 3 এর অধীন স্থাপিত কোন Water Supply and Sewerage Authority.

So২৬ So২৬.০০ স্বর্ণকার ও রৌপ্যকার এবং স্বর্ণের ও রৌপ্যের দোকানদার এবং স্বর্ণ পাকাকারী:

ব্যাখ্যা : (১) "স্বর্ণকার ও রৌপ্যকার এবং স্বর্ণ ও রৌপ্যের দোকানদার কর্তৃক প্রদত্ত সেবা" অর্থ মজুরী বা সার্ভিস চার্জের বিনিময়ে স্বর্ণ বা রৌপ্যের কিংবা স্বর্ণ ও রৌপ্যের অলংকার প্রস্তুত, মেরামত, মজুদ বা বিপণন কার্যে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
(২) "স্বর্ণ পাকাকারী" অর্থ স্বর্ণ গলাইয়া বা পরিষ্কার করিয়া বা অন্য কোন পদ্ধতিতে তেজাবি স্বর্ণ বা স্বর্ণ পিণ্ড প্রস্তুত ও বিপণনকারী।

So২৭ So২৭.০০

বীমা কোম্পানী:

ব্যাখ্যা : "বীমা কোম্পানী" অর্থ অগ্নি, নৌ, বিমান ও মটর দুর্ঘটনাসহ অন্যান্য যে কোন দুর্ঘটনার ক্ষেত্রে বীমা পলিসি (জীবন বীমা পলিসি ব্যতীত) এর মাধ্যমে ক্ষতিপূরণ ব্যবস্থা সংক্রান্ত ব্যবসায় পরিচালনায় নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।

So২৮ So২৮.০০

কুরিয়ার (Courier) সার্ভিস:

ব্যাখ্যা : "কুরিয়ার সার্ভিস" অর্থ দেশের অভ্যন্তরে অথবা দেশের বাহিরে অর্থের বিনিময়ে বার্তা, সংবাদ, তথ্য দলিলপত্র বা পণ্য প্রেরণে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা (সরকারী ডাক বিভাগ এবং সেবা শিরোনামা সংখ্যা So১৫ এ বর্ণিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা ব্যতীত)।

So২৯ So২৯.০০

চিকিৎসা প্রতিষ্ঠান:

ব্যাখ্যা : "চিকিৎসা প্রতিষ্ঠান" অর্থ এমন কোন স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা যেখানে কোন মানুষের দৈহিক বা মানসিক বিষয়ের চিকিৎসার নিমিত্ত ব্যবস্থাপত্র, পরামর্শ বা প্রয়োজনীয় প্যাথলজিক্যাল পরীক্ষা করা হয় এবং উপরিউক্ত এক বা একাধিক সেবা প্রদানের জন্য অস্থায়ী আবাসনের ব্যবস্থা করা হয় এবং উহার বিনিময়ে ব্যবসায়িক ভিত্তিতে বা মুনাফা অর্জনের লক্ষ্যে সেবা মূল্য আদায় করা হয়, তবে যেই সকল স্থান, প্রতিষ্ঠান বা সংস্থার বিনা মূল্যে বা দাতব্য ভিত্তিতে বা নামমাত্র মূল্যের বিনিময়ে উপরি-উক্ত কোন সেবা প্রদান ও আবাসনের ব্যবস্থা করা হয় সেই সকল স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা এই সংজ্ঞার আওতা-বহির্ভূত হইবে।

So৩০ So৩০.০০

বিউটি পার্লার:

ব্যাখ্যা : "বিউটি পার্লার" অর্থ এমন কোন স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা যেইখানে বাণিজ্যিক ভিত্তিতে নারী বা পুরুষ বা উভয়ের কেশসজ্জা, অংগসজ্জা বা রূপসজ্জামূলক সেবা প্রদানের বা তদানুযায়িক কোন সুযোগ-সুবিধা প্রদানের ব্যবস্থা রহিয়াছে।";

(১৭) তৃতীয় তফসিলের পরিবর্তে এই আইনের তৃতীয় তফসিলে বর্ণিত তফসিল প্রতিস্থাপিত হইবে, যথা:-

আয়কর

১২। (১) উপ-ধারা (২), (৩), (৪), (৫) এবং (৬) এর বিধান সাপেক্ষে, ১৯৯২ সালের ১লা জুলাই তারিখে আরদ্ধ কর বৎসরের জন্য কোন কর নির্ধারণের ক্ষেত্রে চতুর্থ তফসিলে নির্দিষ্ট কর হার অনুযায়ী আয়কর ধার্য হইবে।

(২) ১৯৯২ সালের ১লা জুলাই তারিখে আরদ্ধ কর বৎসরের জন্য কোন কোম্পানীর কর নির্ধারণের ক্ষেত্রে যদি মোট আয়ের মধ্যে জীবন বীমা ব্যবসা হইতে প্রাপ্ত কোন আয় অন্তর্ভুক্ত থাকে, তাহা হইলে প্রদেয় আয়কর জীবন বীমা ব্যবসা হইতে প্রাপ্ত আয়ের ১২.৫% এর সমপরিমাণে হ্রাস করা হইবে।

(৩) ১৯৯২ সালের ১লা জুলাই তারিখে আরদ্ধ কর বৎসরের জন্য কোন কর নির্ধারণের ক্ষেত্রে করদাতা যদি সমবায় সমিতি হয় তাহা হইলে চতুর্থ তফসিলের অনুচ্ছেদ ক অথবা খ(৩) এ নির্দিষ্ট কর হার এর মধ্যে যে হারটি করদাতার অনুকূলে যাইবে, সেই হার অনুযায়ী করদাতা কর প্রদান করিবে:

তবে শর্ত থাকে যে, এই উপ-ধারার উদ্দেশ্যে চতুর্থ তফসীলের ক অনুচ্ছেদে নির্দিষ্ট হার অনুযায়ী আয়কর নির্ধারণের ক্ষেত্রে উক্ত অনুচ্ছেদের শর্তাংশে উল্লেখিত কোন রেয়াত বা অংক বাদ দেওয়া যাইবে না।

(৪) (ক) ১৯৯২ সালের ১লা জুলাই তারিখে আরম্ভ কর বৎসরে, কোন কোম্পানী যাহা বাংলাদেশে কোম্পানী হিসাবে নিবন্ধিত নহে এইরূপ করদাতা ব্যতীত, অন্য কোন করদাতার মোট আয়ের মধ্যে যদি রপ্তানী ব্যবসা হইতে প্রাপ্ত কোন মুনাফা অন্তর্ভুক্ত থাকে, তাহা হইলে দফা (খ) ও (গ) এর বিধান সাপেক্ষে, উক্ত আয়ের উপর প্রদেয় আয়কর ৫০% হারে হ্রাস করা হইবে:

তবে শর্ত থাকে যে, স্থানীয়ভাবে তৈয়ারী যন্ত্রপাতি, সরঞ্জামাদি এবং দেশে উৎপাদিত অন্যান্য তৈয়ারী পণ্যসামগ্রী যদি কোন সংস্থার নিকট তাহাদের বৈদেশিক মুদ্রার কোটায় সংগ্রহণ কার্যক্রমের অধীনে বিক্রয় করা হয় তবে তাহাও এই দফায় ব্যবহৃত “রপ্তানী ব্যবসা” এর সংজ্ঞাভুক্ত হইবে:

আরও শর্ত থাকে যে, স্থানীয়ভাবে প্রস্তুতকৃত কাঁচামাল এবং অন্যান্য উপকরণাদি যদি অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের ভিত্তিতে রপ্তানীমুখী শিল্পসমূহে সরবরাহ করা হয়, তবে তাহাও এই দফায় ব্যবহৃত “রপ্তানী ব্যবসা” এর সংজ্ঞাভুক্ত হইবে।

(খ) নিম্নবর্ণিত দ্রব্যাদি বা দ্রব্যাদির শ্রেণীসমূহের ক্ষেত্রে (ক) দফায় বর্ণিত বিধান প্রযোজ্য হইবে না, যথা:-

(১) চা;

(২) কাঁচা পাট;

(৩) পাটজাত দ্রব্যাদি;

(৪) কাঁচা চর্মাди এবং ওয়েট-বু চামড়া;

(৫) জাতীয় রাজস্ব বোর্ড সময় সময় প্রজ্ঞাপনের মাধ্যমে এই তালিকায় অন্তর্ভুক্ত করিতে পারে এইরূপ অন্যান্য দ্রব্যাদি।

(গ) রপ্তানী ব্যবসায় হইতে উদ্ভূত মুনাফা নিরূপণ ও উহার উপর আরোপযোগ্য কর নির্ধারণ এবং এই উপ-ধারার বিধানসমূহ কার্যকরণের উদ্দেশ্যে জাতীয় রাজস্ব বোর্ড প্রয়োজনীয় বিধিমালা প্রণয়ন করিতে পারিবে।

(৫) ১৯৯২ সালের ১লা জুলাই তারিখে আরম্ভ কর বৎসরে কোন করদাতার, বাংলাদেশে কোম্পানী হিসাবে নিবন্ধিত নহে এইরূপ করদাতা ব্যতীত, মোট আয়ের মধ্যে যদি যাত্রীবাহী বাস বা যাত্রীবাহী লঞ্চ হইতে লব্ধ মুনাফা অন্তর্ভুক্ত থাকে, তাহা হইলে ঐ বাস বা লঞ্চের মুনাফার উপর আরোপযোগ্য আয়করের শতকরা ৫০ ভাগ রেয়াতী হারে কর ধর্য করা হইবে।

(৬) ১৯৯২ সালের ১লা জুলাই তারিখে আরদ্ধ কর বৎসরে বাংলাদেশে নিবাসী কোন করদাতা বাংলাদেশের বাহিরে উদ্ভূত কোন আয় যদি সরকারী মাধ্যমে (official channel) আনয়ন করেন এবং উহা বাংলাদেশে স্থাপিত কোন নূতন শিল্প প্রতিষ্ঠানে সরাসরি বিনিয়োগ করেন অথবা সরকারী মালিকানাধীন অর্থ প্রতিষ্ঠান কর্তৃক নিলামে বিক্রীত শিল্প প্রতিষ্ঠান, ষ্টক, শেয়ার, সরকারী বণ্ড বা সিকিউরিটি ক্রয়ে বিনিয়োগ করেন, তাহা হইলে তাঁহার ঐ আয়ের উপর কোন আয়কর প্রদেয় হইবে না।

(৭) যে সকল ক্ষেত্রে Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর SECOND SCHEDULE প্রযোজ্য হইবে সে সকল ক্ষেত্রে আরোপণযোগ্য কর উক্ত SCHEDULE অনুসারে ধার্য করা হইবে, কিন্তু করের হার নির্ধারণের ক্ষেত্রে উপ-ধারা (১) অথবা, প্রযোজ্য ক্ষেত্রে, উপ-ধারা (২) এর বিধান প্রয়োগ করিতে হইবে।

(৮) Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর Chapter VII অনুসারে কর কর্তনের নিমিত্ত চতুর্থ তফসিলে নির্দিষ্ট কর হার ১৯৯২ সালের ১লা জুলাই তারিখে আরদ্ধ এবং ১৯৯৩ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য বৎসরের জন্য প্রযোজ্য হইবে।

(৯) এই ধারায় এবং এই ধারার অধীনে আরোপিত কর হারের উদ্দেশ্যে ব্যবহৃত “মোট আয়” (total income) অভিব্যক্তিতে Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর বিধান অনুসারে নিরূপিত “মোট আয়” (total income) বুঝাইবে।

চতুর্থ তফসিল

(ধারা ১২ দ্রষ্টব্য)

আয়করের হার

ক। Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 2(46) এ উল্লেখিত প্রত্যেক ব্যক্তি করদাতা, হিন্দু যৌথ পরিবার, অনিবন্ধিত অংশীদারী ফার্ম, ব্যক্তি-সংঘ এবং আইনের দ্বারা সৃষ্ট কৃত্রিম ব্যক্তির ক্ষেত্রে - যে সকল ক্ষেত্রে খ অনুচ্ছেদ প্রযোজ্য নহে-

	হার
(১) প্রথম ৪০,০০০ টাকা মোট আয়ের উপর	শূন্য
(২) পরবর্তী ২০,০০০ টাকা মোট আয়ের উপর	১৫%
(৩) পরবর্তী ১,৫০,০০০ টাকা মোট আয়ের উপর	২০%
(৪) পরবর্তী ৩,০০,০০০ টাকা মোট আয়ের উপর	২৫%
(৫) অবশিষ্ট মোট আয়ের উপর	৩০%:

তবে শর্ত থাকে যে, প্রদেয় আয়কর কোন অবস্থাতেই ৪০,০০০ টাকার অতিরিক্ত মোট আয়ের এক-চতুর্থাংশ অতিক্রম করিবে না:

আরও শর্ত থাকে যে, যে ক্ষেত্রে মোট আয়ের মধ্যে এই তফসিলের 'গ' অনুচ্ছেদ প্রযোজ্য হয় এইরূপ কোন নিবন্ধিত ফার্মের আয়, মুনাফা বা লাভ অর্ন্তর্ভুক্ত থাকে, সেই ক্ষেত্রে এই অনুচ্ছেদ অনুযায়ী প্রদেয় আয়করের সংগে 'গ' অনুচ্ছেদ অনুসারে নিবন্ধিত ফার্ম হইতে প্রাপ্য নির্দিষ্ট অংকের জন্য প্রদেয় আনুপাতিক আয়কর যোগ করা হইবে এবং যোগ করার পরই ঐ করের অংকের পরিমাণ যদি নিবন্ধিত ফার্মের অংশীদারের মোট আয়ের শতকরা ২৫ ভাগের বেশী হয়, তাহা হইলে এই অনুচ্ছেদ অনুযায়ী তাহার প্রদেয় আয়কর মোট আয়ের শতকরা ২৫ ভাগের বেশী হইবে না:

আরও শর্ত থাকে যে, কোন করদাতা যদি স্বল্প উন্নত এলাকা (Less Developed Areas) বা ন্যূনতম উন্নত এলাকায় (Least Developed Areas) অবস্থিত কোন ক্ষুদ্র বা কুটির শিল্পের মালিক হন এবং উক্ত কুটির শিল্পের দ্রব্যাদি উৎপাদনে নিয়োজিত থাকেন, তাহা হইলে তিনি নিম্নবর্ণিত প্রণালীতে নির্দিষ্ট হারে আয়কর রেয়াত লাভ করিবেন:-

রেয়াতের হার

- (অ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ১৫% এর অধিক, কিন্তু ২৫% এর অধিক নহে, সেই ক্ষেত্রে উক্ত আয়ের প্রতি প্রযোজ্য আয়করের ৫%;
- (আ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের ২৫% এর অধিক হয়, সেই ক্ষেত্রে উক্ত আয়ের প্রতি প্রযোজ্য আয়করের ১০%।

খ। কোম্পানী, স্থানীয় কর্তৃপক্ষ এবং সেই সকল করদাতা যাহাদের ক্ষেত্রে Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) অনুযায়ী সর্বোচ্চ হারে (at the maximum rate) আয়কর আরোপিত হয়-

হার

- (১) বাংলাদেশে যে কোম্পানীর রেজিস্ট্রীকৃত অফিস অবস্থিত সেই কোম্পানী হইতে লব্ধ ডিভিডেন্ড আয় ব্যতিরেকে অন্য সর্বপ্রকার আয়ের উপর,-

(অ) এইরূপ প্রত্যেক শিল্প কোম্পানীর ক্ষেত্রে যাহা publicly traded company, উক্ত আয়ের ৪০ শতাংশ

(আ) এইরূপ প্রত্যেক শিল্প কোম্পানীর ক্ষেত্রে যাহা publicly traded company নহে, উক্ত আয়ের ৪৫ শতাংশ

(ই) ব্যাংক, অর্থ লগ্নীকারী প্রতিষ্ঠানসমূহ এবং স্থানীয় কর্তৃপক্ষসহ অন্যান্য সর্ব প্রকার কোম্পানীর ক্ষেত্রে, উক্ত আয়ের ৫৫ শতাংশ:

তবে শর্ত থাকে যে, Companies Act, 1913 (VII of 1913) এর অধীন নিবন্ধিত কোন কোম্পানী যদি দ্রব্যাদি উৎপাদনে নিয়োজিত থাকে, তাহা হইলে উহাকে নিম্নলিখিত হারে রেয়াত প্রদান করা হইবে:-

(অ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ সেই ক্ষেত্রে উক্ত আয়ের প্রতি পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় প্রযোজ্য আয়করের ২.৫%।
১৫% এর অধিক, কিন্তু ২৫% এর অধিক নহে,

(আ) যে ক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ সেই ক্ষেত্রে উক্ত আয়ের পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের ২৫% এর প্রতি প্রযোজ্য আয়করের অধিক, ৫%।
হার

(২) Companies Act, 1913 (VII of 1913) ১৫%
এর অধীন বাংলাদেশে নিবন্ধিত কোন কোম্পানী অথবা জাতীয় সংসদের আইন অনুযায়ী গঠিত সংবিধিবদ্ধ কোন প্রতিষ্ঠান হইতে ১৯৪৭ সালের ১৪ই আগস্টের পরে ইস্যুকৃত, প্রতিশ্রুত ও পরিশোধিত অংশ পুঁজির উপরে ঘোষিত এবং পরিশোধিত ডিভিডেন্ড আয়ের উপর

ব্যাখ্যা ১।- “শিল্প কোম্পানী” অভিব্যক্তিতে এইরূপ কোম্পানী বুঝাইবে যে কোম্পানী প্রধানতঃ নিম্নবর্ণিত কার্যাদিতে ব্যাপৃত:-

- (১) দ্রব্যাদি উৎপাদন বা প্রক্রিয়াজাতকরণ;
- (২) যন্ত্রপাতি, প্ল্যান্টস, যন্ত্রাদি এবং সর্ব প্রকার সরঞ্জাম প্রস্তুতকরণ;
- (৩) জাহাজ অথবা মোটরযান নির্মাণ;
- (৪) গ্যাস, তৈল অথবা অন্য কোন খনিজ দ্রব্যাদির অনুসন্ধান ও আহরণ;

তবে, শর্ত থাকে যে, কোন আয়কর বৎসরের কোন শিল্প কোম্পানীর উপরি-উল্লিখিত এক বা একাধিক কার্যোদ্যোগ হইতে প্রাপ্ত আয়, মুনাফা ও লাভ ঐ আয় বৎসরের মোট আয়ের দুই-তৃতীয়াংশের কম হইতে পারিবে না।

ব্যাখ্যা ২।- এই অনুচ্ছেদে ব্যবহৃত “publicly traded company” এইরূপ পাবলিক লিমিটেড কোম্পানী যাহা নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ করে:-

- (১) ইহাকে একটি শিল্প কোম্পানী হইতে হইবে;
- (২) ইহার পরিশোধিত মূলধন অন্যান্য ২০,০০,০০০ টাকা হইতে হইবে;
- (৩) আয় বৎসরের সমাপ্তিতে পরিশোধিত মূলধনের অন্ততঃ ৫০% ইহার উদ্যোক্তা এবং পরিচালকমণ্ডলীর সদস্য ব্যতীত অন্যান্যদের মালিকানায় থাকিতে হইবে;
- (৪) উদ্যোক্তা এবং পরিচালকমণ্ডলীর সদস্যগণ বেনামীতে কোন শেয়ার ক্রয় করিতে পারিবেন না;
- (৫) যে আয় বৎসরের আয়কর নির্ধারণ করা হইবে সেই বৎসরের সমাপ্তির পূর্বে কোম্পানী টির শেয়ার ষ্টক এক্সচেঞ্জ তালিকাভুক্ত হইতে হইবে।

ব্যাখ্যা ৩।- এই তফসিলে “স্বল্প উন্নত এলাকা (Less Developed Areas)” এবং “ন্যূনতম উন্নত এলাকা (Least Developed Areas)” বলিতে ঐ সমস্ত স্থানসমূহ বুঝাইবে যাহা SRO 411-L/85, SRO 412-L/85, তারিখ, ২২শে সেপ্টেম্বর, ১৯৮৫ এবং এস, আর, ও, নং ৩৪২-আইন/৯০, তারিখ ৩০শে সেপ্টেম্বর, ১৯৯০ তে নির্দিষ্ট করা হইয়াছে।

হার

(৩) কোম্পানী নহে, বাংলাদেশে অনিবাসী, উক্ত আয়ের ৩০ শতাংশ।
এইরূপ কোন ব্যক্তি শ্রেণীভুক্ত করদাতার ক্ষেত্রে,

গ। রেজিষ্টার্ড ফার্মের ক্ষেত্রে নিম্নবর্ণিত হারে আয়কর ধার্য করা হইবে-

	হার
(১) প্রথম ৪০,০০০ টাকা মোট আয়ের উপর	শূন্য
(২) পরবর্তী ৪০,০০০ টাকা মোট আয়ের উপর	১০%
(৩) পরবর্তী ১,০০,০০০ টাকা মোট আয়ের উপর	১৫%
(৪) পরবর্তী ১,০০,০০০ টাকা মোট আয়ের উপর	২০%
(৫) অবশিষ্ট মোট আয়ের উপর	২৫% :

তবে শর্ত থাকে যে, কোন রেজিষ্টার্ড ফার্মের আয়, মুনাফা ও লাভ (income, profits and gains) যদি পেশাভিত্তিক হয় এবং উক্ত ফার্মের আয়, মুনাফা ও লাভ সম্পূর্ণরূপে অথবা প্রধানতঃ অংশীদারদের ব্যক্তিগত যোগ্যতার উপর নির্ভরশীল হয় এবং ঐ সকল অংশীদারগণ আপাততঃ বলবৎ কোন আইন অথবা তাঁহারা যে পেশাজীবী সমিতি বা সংস্থার সদস্য তাহার রেওয়াজ, বিধি অথবা প্রবিধানের কারণে সীমাবদ্ধ দায়বিশিষ্ট কোন সংবিধিবদ্ধ সংস্থারূপে Companies Act, 1913 (VII of 1913) এর অধীন কোম্পানী হিসাবে নিবন্ধিত হইতে না পারেন, তাহা হইলে উক্ত রেজিষ্টার্ড ফার্ম কর্তৃক কোন আয়কর প্রদেয় হইবে না, যদি না উক্ত পেশা সম্পূর্ণরূপে অথবা প্রধানতঃ অন্য কোন ব্যক্তিবর্গের পক্ষে চুক্তি সম্পাদন অথবা অন্য কোন ব্যক্তিবর্গকে চুক্তি সম্পাদনের লক্ষ্যে বাণিজ্য সম্পর্কিত পরামর্শ প্রদানের প্রকৃতির হয়।

ব্যাখ্যা।- এই অনুচ্ছেদের ব্যবহৃত "রেজিষ্টার্ড ফার্ম" অর্থ Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984)-এর section 111 এর অধীন রেজিস্ট্রীকৃত কোন ফার্ম।

ঘোষণা

The Provisional Collection of Taxes Act, 1931 (XVI of 1931)-এর ধারা ৩-এর বিধান অনুযায়ী এতদ্বারা ঘোষণা করা যাইতেছে যে, এই বিলের দফা ৬ জনস্বার্থে অবিলম্বে কার্যকর করা সমীচীন ও প্রয়োজনীয়।